

ছত্রিকাঘাতে একজন আহত

## চট্টগ্রাম মেডিক্যাল সশস্ত্র ব্যক্তিদের হানাঃ গুলিঃ বোমা

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম ২১শে মার্চ - চট্টগ্রাম মেডিক্যাল কলেজে আজ নিয়ে তিন দিন ধরে সন্ত্রাস সংঘর্ষে আগুনসংযোগের ফলে সমগ্র কলেজ এলাকায় ভীতিকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

আজ সকালে প্রায় ২৫ জন সশস্ত্র যুবক প্রায় এক ঘন্টা ধরে মেডিক্যাল কলেজ চত্বরে ৭/৮

রাউন্ড গুলি ও ২০/২৫টি বোমা বর্ষণ করে। এ ঘটনার সময় সাবেক ছাত্রলীগ নেতা ইন্টানী চিকিৎসক আবু জাহের যুবকদের ছত্রিকাঘাতে আহত হন। তিনি এখন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এ যুবকরা একটি মোটর সাইকেলও জব্বালিয়ে দেয়। (শেষ পঃ ৫-এর কঃ দঃ)

## বোমা

(১ম পঃ-২)

গতকাল রাতেও সশস্ত্র যুবকরা মেডিক্যাল কলেজ ছাত্রাবাসে চক্রে ১৪টি কক্ষে আগুনসংযোগ করে ও কয়েকটি বোমা ছোড়ে।

এ নিয়ে ছাত্রাবাসের প্রায় ৫০টি কক্ষে আগুনসংযোগ করা হলো।

এ ঘটনার ফলে আজ চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে কোন রোগী ভর্তি হতে পারেনি। দর্শনাথীদের সংখ্যাও ছিল কম। অনেক রোগী আতঙ্কে হাসপাতাল ছেড়ে চলে গেছে। এ যুবক হাসপাতাল সূত্রের।

এদিকে আজ সকালে মেডিক্যাল কলেজ একাডেমিক কাউন্সিলের এক জরুরী সভায় ছাত্র, শিক্ষক, কর্মচারীদের নিরাপত্তাহীনতায় উদ্বেগ প্রকাশ করা হয়। এছাড়া, স্বাস্থ্য মন্ত্রণালয়ের কাছে এব্যাপারে তদন্ত কমিটি গঠনের জন্য আহ্বান জানানো হয়।